অগ্রিম পরিকল্পনা
অ-নাগরিক পিতামাতার জন্য

ডিসক্লেইমার: দ্য লিগ্যাল এইড সোসাইটি (The Legal Aid Society), ইমিগ্রেশন ল ইউনিট (Immigration Law Unit) কর্তৃক এই উপদেশকটি (Advisory) তৈরি করা হয়েছে। এই উপদেশকটি আইনি পরামর্শ নয় এবং এটি অভিবাসন বিশেষজ্ঞের পরামর্শের বিকল্প নয়।

আপনি যদি একটি অল্পবয়স্ক শিশুর পিতা/মাতা হন, যুক্তরাষ্ট্রের একজন নাগরিক না হন এবং ভবিষ্যতে যুক্তরাষ্ট্র থেকে অপসারণ (নির্বাসন) এর ঝুঁকিতে থাকতে পারেন বলে মনে করেন, তবে আপনার শিশুর যত্ন ও জিম্মাদারীর পরিকল্পনার জন্য আপনি নিতে পারেন এমন কিছু পদক্ষেপ রয়েছে।

স্কুলের জরুরী যোগাযোগ

আপনার সন্তানকে স্কুলে ভর্তি করানো হলে, আপনি তিন জনের নাম নিতে পারেন যাদের সাথে জরুরী অবস্থায় বা আপনার সন্তান অসুস্থ হলে স্কুল যোগাযোগ করতে পারবে। স্কুলে আপনার সন্তানের "ব্লু কার্ডে" ("Blue Card") তাদের নাম লিখে রাখতে পারেন।

- ব্লু কার্ড, এনওয়াইসি ডিওই (NYC DOE) **http://bit.ly/2p1GOXd**

পাসপোর্ট (Passport)

আপনার সন্তান যুক্তরাষ্ট্রের একজন নাগরিক হলে তার জন্য একটি পাসপোর্টের অনুরোধ জানাতে এই ফর্মটি ব্যবহার করুন। সে 18 বছরের কম বয়সী হলে, অন্যান্য পিতা/ মাতাকে তাদের সম্মতি দিতে হবে, বা কেনো অন্যান্য পিতা/ মাতার অনুমতি পাওয়া যাবে না বা প্রয়োজন নেই তা আপনাকে ব্যাখ্যা করতে হবে।

- ফর্ম DS-11, যুক্তরাষ্ট্রের পাসপোর্ট আবেদন **http://bit.ly/2oUTa3A**
- ফর্ম DS-3053, অন্যান্য পিতা/ মাতার সম্মতি **http://bit.ly/2nAUNmY**

যদি আপনার সন্তান যুক্তরাষ্ট্রের একজন নাগরিক না হয়, তবে কীভাবে আপনার সন্তানের জন্য একটি পাসপোর্ট পাওয়া যাবে সে বিষয়ক নির্দেশাবলীর জন্য যথাযথ বিদেশী দূতাবাসে যোগাযোগ করুন।

ভ্রমণের অনুমতি

আপনি যদি আপনার অল্পবয়স্ক সন্তানকে একাকী বিদেশে ভ্রমণের অনুমতি দিতে চান বা আপনি যদি আপনার অল্পবয়স্ক সন্তান বিদেশে ভ্রমণকালে কাউকে সঙ্গী হিসেবে পাঠাতে চান তবে এই অনুমোদনে স্বাক্ষর করুন (প্রত্যেক পিতা/ মাতাকে একটি করে স্বাক্ষর দিতে হবে, অথবা কেনো অন্যান্য পিতা/ মাতার অনুমতি পাওয়া যাবে না বা প্রয়োজন নেই তা আপনাকে ব্যাখ্যা করতে হবে)। এটিতে অবশ্যই একজন নোটারি পাবলিকের সামনে স্বাক্ষর করতে হবে। ভ্রমণের সময় আপনার শিশুকে তার মূল জন্ম সনদ (birth certificate) এবং পাসপোর্ট সঙ্গে রাখতে হবে, তাছাড়া ট্রাভেল পারমিশন ফর্মে (Travel Permission form) তালিকাভুক্ত নথিসামগ্রীর অনুলিপিও সাথে রাখতে হবে। এছাড়া, একাকী শিশুদের জন্য বিমানসংস্থাগুলির আবশ্যকতাসমূহও দেখে নিন।

- ভ্রমণের অনুমতি **http://bit.ly/2p3HMzt**

এখানে একাকী অল্পবয়স্ক শিশুদের ভ্রমণে বিমানসংস্থাসমূহের কিছু নীতিমালা রয়েছে:

- ইউনাইটেড এয়ারলাইন্স (United) **http://bit.ly/1UZKdw5**
- আমেরিকান এয়ারলাইন্স (American) **http://bit.ly/2a2mkWt**
- ডেল্টা এয়ারলাইন্স (Delta) **http://bit.ly/1f9erXv** *(Children traveling alone – এ ক্লিক করুন)*
- জেট ব্লু (Jet Blue) **http://bit.ly/2oIh9Sz**
- অ্যারো মেক্সিকো (Aero México) **http://bit.ly/2ojXgyv** *(Children - এ ক্লিক করুন)*

অভিভাবকীয় সম্পর্কের ব্যক্তিকে অনুমোদন

কাউকে আপনার সন্তানের জন্য স্কুল বিষয়ক সিদ্ধান্ত ও স্বাস্থ্যসেবা সম্পর্কিত সিদ্ধান্ত নেওয়ার অনুমতি দিতে এই ফর্মটি ব্যবহার করুন। একজন নোটারি পাবলিকের সামনে স্বাক্ষর করুন। এজন্য আপনার কোনো অ্যাটর্নি বা আইনজীবী লাগবে না।

- অভিভাবকীয় সম্পর্কের ব্যক্তিকে অনুমোদন, ইংরেজিতে **http://bit.ly/2o3HQhH**
- অভিভাবকীয় সম্পর্কের ব্যক্তিকে অনুমোদন, স্প্যানিশ ভাষায় **http://bit.ly/2nB67iX**

স্ট্যান্ডবাই অভিভাবকত্বের অনুমোদন

এই ফর্মটি শুধুমাত্র গুরুতর শারীরিক সমস্যায় থাকা ব্যক্তিদের জন্য। এটি শুধুমাত্র কার্যকর হবে যদি একজন ডাক্তার প্রত্যয়ন করেন যে আপনি মানসিকভাবে অসমর্থ হয়ে পড়েছেন; আপনি যদি শারীরিকভাবে দুর্বল হয়ে পড়েন এবং আপনি যদি অনুমোদন কার্যকর করার সম্মতি প্রদান করেন; অথবা আপনি যদি মৃত্যুবরণ করেন। এটি পারিবারিক আদালতে দায়ের করা যেতে পারে কিন্তু আবশ্যক নয়।

- স্ট্যান্ডবাই অভিভাবকত্বের অনুমোদন **http://bit.ly/2oYinKB**

পাওয়ার অব অ্যাটর্নি

কাউকে আপনার হয়ে সম্পত্তি লেনদেন পরিচালনা করার অনুমতি দিতে, এই ফর্ম ব্যবহার করুন। এটিতে অবশ্যই একজন নোটারি পাবলিকের সামনে স্বাক্ষর করতে হবে। এজন্য আপনার কোনো অ্যাটর্নি বা আইনজীবী লাগবে না। পাওয়ার অফ অ্যাটর্নি শিশুর যত্ন বা জিম্মাদারীর ব্যাপারে সরাসরি সম্পৃক্ত নয়, বরং আপনার সম্পত্তি সংক্রান্ত বিষয়াবলী যেমন আপনার ব্যাংক অ্যাকাউন্ট, এপার্টমেন্ট ইজারা, বীমা সংক্রান্ত বিষয়াবলী, স্বাস্থ্যসেবা বিলিং ইত্যাদিতে সীমাবদ্ধ।

- পাওয়ার অফ অ্যাটর্নি **http://bit.ly/2p3CRyw**

আদালতে অভিভাবকত্ব বা জিম্মাদারীর আবেদন

পারিবারিক আদালত বা সারোগেটস কোর্ট (Surrogate's Court) আপনার সন্তানের আনুষ্ঠানিক অভিভাবকত্ব বা জিম্মাদারী সংক্রান্ত আদেশ জারি করতে পারে। **সতর্কতা** : যদিও আপনার শিশুর ব্যাপারে কারো অধিকার প্রতিষ্ঠার পরিপ্রেক্ষিতে একটি অভিভাবকত্ব বা জিম্মাদারী আদেশ থাকা সহায়ক হতে পারে, তবে জিম্মাদারী, অভিভাকত্ব বা স্ট্যান্ডবাই অভিভাবকত্বের জন্য আদালতের শরণাপন্ন হওয়ার ক্ষেত্রে কিছু **ঝুঁকি** রয়েছে।

- সাধারণত এই সমস্ত আদালতি প্রক্রিয়ার ব্যাপারে অন্যান্য পিতা/মাতাকে অবশ্যই জানাতে হবে।
- আপনি যখন এইসব করতে যাচ্ছেন তখন অন্যান্য পিতা/মাতা আদালতে অভিভাসনকে ডাকতে পারে! এটি বিশেষত বিপজ্জনক হতে পারে যদি আপনার ইতোমধ্যেই একটি অপসারণ (নির্বাসন) আদেশ থেকে থাকে।
- আপনার শিশুর জীবনে অনুপস্থিত থাকার পরে অন্যান্য পিতা/মাতা পুনরায় হাজির হতে পারেন এবং আপনার শিশু সম্পর্কে তাদের নিজস্ব আবেদন দায়ের করতে পারেন।
- একটি আদালতি যুদ্ধে, আপনি যে ব্যক্তিকে জিম্মাদারী বা অভিভাকত্ব দেওয়ার চিন্তা করছেন তার চেয়ে অন্যান্য পিতা/ মাতার আপনার সন্তানের উপর অধিক অধিকার থাকবে।
- একবার জিম্মাদারী আদেশ চূড়ান্ত হবার পর, আদালতকে উক্ত আদেশ পরিবর্তন করতে দেয়া খুব কঠিন হতে পারে। সুতরাং, আপনি যদি জিম্মাদারী ফিরে পেতে চান, আপনাকে আপনার সন্তানের জীবন পরিস্থিতিতে একটি উল্লেখযোগ্য পরিবর্তন দেখানোর প্রয়োজন হবে; তা প্রদর্শন করা কঠিন হতে পারে।
- উক্ত জিম্মাদার আপনার কাছ থেকে শিশু সহায়তা (child support) চাইতে পারেন!

আপনার শিশু সংক্রান্ত যেকোনো আদালতি প্রক্রিয়া আরম্ভ করার পূর্বে একজন যোগ্য আইনজীবীর সাথে কথা বলে নিন।

আপনার কোনো প্রশ্ন থাকলে বা সহায়তা প্রয়োজন হলে আমাদের ইমিগ্রেশন হটলাইনে কল করুন - 844-955-3425।